ইত্তেফাক

তারিখ 15.2.79
পৃষ্ঠা 1 কলাম 1



## ১৭ই ফেব্রুয়ারী সরকারী ছুটি

বাসস জানায়, আগামী ১৮ই ফেব্রুয়ারী সংসদ নির্বাচন উপলক্ষে ১৭ই ফেব্রুয়ারী শনিবার সরকারী ছুটির দিন ঘোষণা করা হইয়াছে। তবে এই ছুটি যেসব অফিস এবং সংস্থার ছুটি ও কাজের সময় নিজস্ব নিয়ম-কানুন দ্বারা পরিচালিত হয় তাহাদের বেলায় আপনাআপনি প্রযোজ্য হইবে না যেমন ব্যাংক, বীমা কোম্পানী, ডাক, তার ও টেলিফোন, রেলওয়ে, রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং সরকার কর্তৃক অত্যাবশ্যকীয় চাকুরী ঘোষিত অফিস ও সংস্থাসমূহ।